কক্সবাজার সদর উপজেলা পরিষদ

কক্সবাজার

# উপজেলা পরিষদের মাসিক ২৮তম সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | : কায়সারুল হক জুয়েল<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কক্সবাজার সদর, কক্সবাজার। |
| সভার তারিখ ও সময় | : ৩১/০১/২০২২ খ্রিষ্টাব্দ, সকাল-১১.০০ টা |
| সভার স্থান | : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, কক্সবাজার সদর |
| সভার উপস্থিতি | : পরিশিষ্ট "ক" তে সন্নিবেশিত |

উপজেলা নির্বাহী অফিসার সভার শুরুতে আজকের সভায় প্রধান অতিথি হিসেবে জনাব সাইমুম সরওয়ার কমল, মাননীয় সংসদ সদস্য-২৯৬, কক্সবাজার-৩ (সদর-রামু) উপস্থিত হওয়ায় উপজেলা পরিষদের পক্ষ হতে শুভেচ্ছা জ্ঞাপন করেন। পরে উপজেলা নির্বাহী অফিসার আজকের সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে উপজেলা পরিষদের চেয়ারম্যানকে সভার সভাপতিত্ব করার অনুরোধ করেন। সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে এজেন্ডা অনুযায়ী সভা সঞ্চালনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার সভায় ২৭তম সভার কার্যবিবরণী উপস্থাপন করেন এবং এতে কারো কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। পরবর্তীতে সভাপতি বিভাগওয়ারী স্ব-স্ব কর্মকর্তাগণকে তাঁদের দপ্তরের কর্মকাণ্ড সম্পর্কে সভায় অবহিত করার জন্য অনুরোধ জানানো হলে নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়।

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১. | **আইসিটি/ওয়েব পোর্টাল সম্পর্কিত :**<br>উপজেলা পরিষদসহ এর আওতাধীন অন্যান্য দপ্তরসমূহের ওয়েব পোর্টাল এখনো হালনাগাদ করা হয়নি। ওয়েব পোর্টাল হালনাগাদ না থাকায় প্রতিটি দপ্তরের সাথে যোগাযোগক্রমে গুরুত্বপূর্ণ তথ্য পাওয়া কষ্টসাধ্য হয়ে পড়ে। সরকারের এটুআই প্রকল্পের নির্দেশনামতে ওয়েব পোর্টালে সকল দপ্তরের হালনাগাদ তথ্য থাকা প্রয়োজন। এছাড়া প্রতিটি ইউনিয়ন পরিষদের ওয়েব পোর্টালও হালনাগাদ করার বিষয়ে বিগত সভায়ও আলোচনা করা হয়। কিন্তু উপজেলা পরিষদসহ এর আওতাধীন সকল দপ্তরের কর্মকর্তা/কর্মচারীরসহ ও ইউনিয়ন পরিষদ সমূহের ওয়েব পোর্টাল নির্দেশনামতে এখনো পর্যন্ত হালানাগাদ না হওয়ায় উপজেলা নির্বাহী অফিসার অসন্তোষ প্রকাশ করেন। উপজেলা নির্বাহী অফিসার যতদ্রুত সম্ভব ওয়েব পোর্টাল হালনাগাদ করার জন্য সভায় সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | সভাপতি এটুআইয়ের নির্দেশনামতে এখনো পর্যন্ত কক্সবাজার সদর উপজেলা পরিষদের ওয়েব পোর্টাল হালনাগাদ না হওয়ায় অসন্তোষ প্রকাশ করে জরুরী ভিত্তিতে উপজেলা পরিষদসহ এর আওতাধীন সকল দপ্তর ও ইউনিয়ন পরিষদের ওয়েব পোর্টাল জরুরী ভিত্তিতে হালনাগাদ করার জন্য সহকারী প্রোগ্রামার, কক্সবাজার সদরকে নির্দেশনা প্রদান করেন। | ১। সহকারী প্রোগ্রামার, কক্সবাজার সদর<br>২। স্ব-স্ব দপ্তর প্রধান, কক্সবাজার সদর<br>৩। চেয়ারম্যান, ইউপি (সকল), কক্সবাজার সদর |
| ০২. | **ইউনিয়ন পরিষদের মাসিক সভা সংক্রান্ত :**<br>উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, প্রত্যেক ইউনিয়ন পরিষদে প্রতিমাসে মাসিক উন্নয়ন সমন্বয় সভা করে সভার কার্যবিবরণী মাসের মাসের প্রথম সপ্তাহে এ কার্যালয়ে প্রেরণের জন্য সরকারিভাবে নির্দেশনা আছে। এছাড়াও প্রত্যেক মাসে মাসিক সভায় ইউনিয়ন পরিষদের মাসিক সভা করে যথাসময়ে সভার কার্যবিবরণী প্রেরণের জন্য বার বার বলা সত্ত্বেও ইউনিয়ন পরিষদ থেকে তা যথাসময়ে প্রেরণ করা হয় না। প্রতিমাসে আবশ্যিকভাবে মাসিক উন্নয়ন সমন্বয় সভা করে সভার কার্যবিবরণী আবশ্যিকভাবে উপজেলা পরিষদের প্রেরণ নিশ্চিত করার বিষয়ে সকল ইউপি চেয়ারম্যানগণকে নির্দেশনা প্রদানের জন্য সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ যথাসময়ে মাসিক উন্নয়ন সমন্বয় সভা করে উপজেলা পরিষদে সভার কার্যবিবরণী প্রেরণ না করায় সভাপতি অসন্তোষ প্রকাশ করেন। সকল ইউপি চেয়ারম্যানগণকে ইউনিয়ন পরিষদে প্রতি মাসে মাসিক উন্নয়ন সমন্বয় সভা করে সভার কার্যবিবরণী নির্ধারিত তারিখের মধ্যে উপজেলা পরিষদে প্রেরণ নিশ্চিত করার জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করেন। সভার কার্যবিবরণী প্রেরণের বিষয়টি স্ব-স্ব ইউপি সচিবগণকে নিশ্চিত করার জন্য নির্দেশনা প্রদান করা হয়।। | ১। চেয়ারম্যান, ইউপি (সকল), কক্সবাজার সদর<br>২। ইউপি সচিব (সকল), কক্সবাজার সদর |
| ০৩. | **উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিস :**<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা তাঁর দপ্তরের কার্যক্রম নিম্নোক্তভাবে সভায় উপস্থাপন করেন<br>**ইপিআই :**<br>কক্সবাজার সদর উপজেলায় ২৪১ টি অস্থায়ী টিকাদান কেন্দ্র রয়েছে। ৫৮৬৬ জন শিশুকে রুটিন ইপিআইতে টিকা প্রদান করা হয়। ৪০৪ জন গর্ভবতী মহিলাকে টিডি টিকা প্রদান করা হয়েছে। ২০১৪ জন (১৫-৪৯বছর) সাধারণ মহিলাকে টিডি টিকা প্রদান করা হয়েছে। | কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কক্সবাজার সদর |

চলমান পাতা-০২

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | **কমিউনিটি ক্লিনিক :**<br>কক্সবাজার সদর উপজেলায় ২৯ টি কমিউনিটি ক্লিনিক রয়েছে। উক্ত ক্লিনিক সমূহে ২৮ জন কমিউনিটি হেলথ কেয়ার প্রোভাইডার (সিএইচসিপি) কর্মরত। সর্বমোট ৫৮৪ জন গর্ভবতী মহিলাকে এএনসি সেবা প্রদান করা হয় ও ১৪৪ জনকে পিএনসি সেবা প্রদান করা হয়। ৬১০০ জন পুরুষ রোগী এবং ১৩৯১২ জন মহিলা, সর্বমোট-১৯৪৪৯ জন রোগীকে সেবা প্রদান করা হয়। ৮৫ জন পুরুষ এবং ১৫৪ জন মহিলা, সর্বমোট-২৩৯ জন রোগীকে রেফার করা হয়।<br>**ঈদগাঁও উপ-স্বাস্থ্য কেন্দ্র :**<br>উক্ত কেন্দ্রে ৮৮৯ জন পুরুষ এবং ১০৮৮ জন মহিলা সর্বমোটঃ ১৯৭৭ জন রোগীকে চিকিৎসা সেবা প্রদান করা হয়। সর্বমোট ২০৪ জন গর্ভবতী মহিলাকে এএনসি এবং ২৯ জন মহিলাকে পিএনসি সেবা প্রদান করা হয়।<br>**ম্যালেরিয়া :** ৪০৭২ জন রোগীকে ম্যালেরিয়া পরীক্ষা করা হয়। কোন ম্যালেরিয়া রোগী সনাক্তকরণ করা হয়নি এবং চিকিৎসা প্রদান করা হয়নি।<br>**পুষ্টি কার্যক্রম :**<br>অত্র উপজেলায় গত ডিসেম্বর মাসে ৪৯৭৮ জন শিশুকে স্ক্রীনিং করা হয় এবং ১৫ জন মারাত্বক অপুষ্ট শিশুকে চিকিৎসা প্রদান সহ মায়ের বুকের দুধ ও বাড়তি খাবারের জন্য কাউন্সেলিং করা হয়।<br>**টিবি-লেপ্রসী :**<br>গত ডিসেম্বর মাসে মোট ৬৯ জন টিবি রোগীকে সনাক্ত ও চিকিৎসা প্রদান করা হয়। চিকিৎসাধীন এমডিআর টিবি রোগীর সংখ্যা ০২ জন। লেপ্রসী রোগীর সংখ্যা ০৩ জন।<br>**করোনা ভাইরাস (কোভিড-১৯) :**<br>**কোভিড-১৯ ভ্যাকসিন কার্যক্রম -**<br>কোভিড-১৯ টিকাদান কার্যক্রম ০৭/০২/২০২১ ইং তারিখে শুরু হয়েছে। কোভিড-১৯ ভ্যাকসিনের জন্য ২৭/০১/২০২২ ইং পর্যন্ত অনলাইনে রেজিস্ট্রেশন করেছে ২৩১৭৪১ জন। আর ০৭/০২/২০২১ ইং তারিখ হতে ২৭/০১/২০২২ইং তারিখ পর্যন্ত মোট ৩২২২০৫ জন কোভিড-১৯ ভ্যাকসিনের ১ম ডোজ টিকা নিয়েছে। তৎমধ্যে ১৬২১৯৬ জন পুরুষ আর ১৬০০০৯ জন মহিলা। গত ০৮/০৪/২০২১ইং হতে ২৭/০১/২০২২ইং পর্যন্ত মোট ১৯৯৫৭৫ জন কোভিড-১৯ এর ২য় ডোজ টিকা নিয়েছে তৎমধ্যে ১০২৬৫১ জন পুরুষ আর ৯৬৯২৪ জন মহিলা। সদর উপজেলায় মোট ৩২২২০৫ জন কে ১ম ডোজ টিকা দেওয়া হয়েছে যা মোট জনসংখ্যার ৫৯% (উদ্দিষ্ট জনসংখ্যার ৮৪%) অর্জিত হয়েছে। আর ১৯৯৫৭৫ জন কে ২য় ডোজ টিকা দেওয়া হয়েছে যা মোট জনসংখ্যার ৩৬% (উদ্দিষ্ট জনসংখ্যার ৫২%) অর্জিত হয়েছে।<br>উল্লেখ্য যে, ০১/০১/২০২২ইং তারিখ হতে সাব ব্লক ভিত্তিক কোভিড-১৯ টিকাদান ক্যাম্পেইনে সদর উপজেলায় মোট ২৪০ টি সাব ব্লকে টিকা প্রদান করা হচ্ছে এবং পৌরসভার ১২ টি ওয়ার্ডে টিকা প্রদান করা হচ্ছে। সাব ব্লকে ২৯/০১/২০২২ ইং পর্যন্ত সর্বমোট ৫৪০৬০ জন কে ১ম ডোজ টিকা দেওয়া হয়েছে। আর পৌরসভায় ৯৭৪৬ জন কে ১ম ডোজ টিকা দেওয়া হয়েছে।<br>তাছাড়াও ১২-১৮ বছরের শিক্ষার্থীদের সর্বমোট ৬৪০০৪ জন কে কোভিড এর ১ম ডোজ আর ২৭৭০৫ জন কে ২য় ডোজ টিকা দেওয়া হয়েছে।<br>**নমুনা সংগ্রহ :**<br>কক্সবাজার সদর উপজেলার নমুনা সংগ্রহের জন্য বর্তমানে পৌরসভার নমুনা সংগ্রহ বুথ ও ঈদগাঁও নমুনা সংগ্রহ বুথ চলমান আছে। গত মাসে সদর উপজেলায় নমুনা সংগ্রহ ১১০০ জন আর পৌরসভার নমুনা সংগ্রহ হলো ৬০২ জন।<br>**পজিটিভ রোগীর সংখ্যা :**<br>গত মাসে সদর উপজেলার মোট পজিটিভ রোগী হলো ১৪৬০ জন। গত মাসে কোভিড-১৯ আক্রান্ত ০২ জন রোগী মৃত্যুবরণ করেছে।<br>**কন্টাক্ট ট্রেসিং ও টেলিমেডিসিন সেবা কার্যক্রম :**<br>অত্র সদর উপজেলায় কোভিড-১৯ পজিটিভ রোগীর কন্টাক্ট ট্রেসিং এর কাজ শুরু করা হয়েছে এবং একই সাথে কোভিড-১৯ রোগীদের টেলিমেডিসিন সেবা দেওয়া শুরু হয়েছে। | | |
| ০৪. | **উপজেলা কৃষি অফিস :**<br>উপজেলা কৃষি কর্মকর্তা, কক্সবাজার সদর তাঁর দপ্তরের কার্যক্রম নিম্নোক্তভাবে সভায় উপস্থাপন করেন।<br>১. প্রণোদনা কর্মসূচীর আওতায় ৯৭০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে সার ও বীজ বিতরন করা হয়েছে। | কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, কক্সবাজার সদর |

| ক্র নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | ২. রবি মৌসুম যেহেতু সেচ নির্ভর সেহেতু জরুরী ভিত্তিতে রাবার ড্যাম চালু করা প্রয়োজন।<br>৩. ডিলারদের নিকট পর্যাপ্ত সার মজুদ আছে। সারের কোন সংকট নাই। নিয়মিত পরিদর্শন করে বিক্রির অনুমতি দেওয়া হচ্ছে।<br>৪. হাইব্রিড ধানের আবাদ সম্প্রসারণ জোরদারকরণ উপলক্ষে ৩০০০জন কৃষককে হাইব্রিড ধানের বীজ বিতরণ করা হয়েছে।<br>৫. বোরো ধানের আবাদের লক্ষ্যমাত্রা ৬৭০০ হেক্টর অর্জনের লক্ষে ৪১০ হেক্টর আদর্শ বীজতলা নিশ্চিত করা হয়েছে।<br>৬. কীটনাশকের পরিবর্তে জৈব বালাইনাশক ব্যবহারের উপর জোর দেওয়া হয়েছে।<br>৭. এ পর্যন্ত ১২৫৭ হেক্টর জমিতে শীতকালীন শাক-সবজি আবাদ হয়েছে।<br>৮. উপজেলার নতুন ফসল হিসাবে সরিষা, গম ও ভুট্টার আবাদ সম্প্রসারণের কার্যক্রম চলছে। | | |
| ০৫. | **উপজেলা প্রাণী সম্পদ অফিস :**<br>উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা তাঁর দপ্তরের কার্যক্রম নিম্নোক্তভাবে সভায় উপস্থাপন করেন।<br>১। (ক) গবাদি পশুর টিকা প্রদান করা হয়- ৪৯২০ টি খ) হাঁস-মুরগীর টিকা প্রদান করা হয়- ৩০৪০০ টি।<br>২। কৃত্রিম প্রজনন কার্যক্রমের আওতায় উপজেলায় ২৬৬ টি গাভীকে কৃত্রিম প্রজনন করা হয়েছে। পূর্বে প্রজননকৃত গাভীর মধ্য হতে আলোচ্য মাসে ১০৫ টি শংকর জাতের বাচ্চা জন্ম হয়েছে।<br>৩। ২২৫৬টি গবাদিপশুর ও ৮২৫৬টি হাঁস-মুরগীর চিকিৎসা প্রদান করা হয়েছে।<br>৪। (ক) ডিম উৎপাদন ৭৬.১৫ লক্ষ। (খ) দুধ উৎপাদন ১৬৩০ মেঃ টন। (গ) মাংস উৎপাদন ১১৩৪ মেঃ টন। এছাড়াও সমতলভূমিতে বসবাসরত ৩৩ জন ক্ষুদ্র-নৃ গোষ্ঠীদের মাঝে ৬৬ টি ভেড়া ও ভেড়ার গৃহ নির্মাণ সামগ্রী প্রদান করা হয়। বর্তমানে কক্সবাজার সদর উপজেলায় কোন প্রকার সংক্রামক রোগের প্রাদূর্ভাব নাই। | কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, কক্সবাজার সদর |
| ০৬. | **উপজেলা পল্লী উন্নয়ন অফিস :**<br>১। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় নিম্নোক্তভাবে তাঁর দপ্তরের কার্যক্রম উপস্থাপন করেন।<br>১। ২০২১-২০২২ অর্থ বছরে ২য় পর্যায়ে মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত প্রনোদনা ঋণের ৬৮ জন পল্লী উদ্যোক্তার বিপরীতে =১,৪,৫০,০০০/-(এক কোটি চার লক্ষ পঞ্চাশ হাজার) টাকার এসএমই ঋণের চাহিদা সদর দপ্তরে প্রেরণ করা হয়েছে। চাহিদার বিপরীতে প্রাপ্ত ঋণ বিতরণ সম্পন্ন করা হবে। উল্লেখ্য যে, উক্ত ঋণের সুদ/সেবামূল্য বছরে ৪%। যা ০২ বছরে পরিশোধ যোগ্য।<br>২। অংশীদারিত্বমূলক পল্লী উন্নয়ন প্রকল্প-০৩(পিআরডিপি-৩) এর আওতায় খুরুশকুল ও পিএমখালী ইউপি'তে প্রকল্প চলমান আছে। ২০২১-২০২২ অর্থ বছরে ১ম পর্যায়ে ০২টি স্কীমের বরাদ্দ পাওয়া যায়। উক্ত ০২ টি স্কীমের সমন্বয়ে খুরুশকুল ইউপি'তে তেতৈয়া গ্রামে রাস্তা নির্মান করা হয় । মাননীয় মহাপরিচালক (গ্রেড-০১), বিআরডিবি,ঢাকা মহোদয় উক্ত প্রকল্প (হেলালের দোকান হতে দক্ষিণ দিকে নূর আহম্মদের দোকান অভিমূখী রাস্তা ব্রিক সলিং দ্বারা উন্নয়ন) উদ্বোধন করেন। ০১টি স্কীমের বিভাজন হল- গ্রাম কমিটি ০৫%, ইউপি অংশ- ১৫%, পিআরডিপি/বিআরডিবি- ৮০%। | কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কক্সবাজার সদর |
| ০৭. | **উপজেলা সমাজ সেবা অফিস :**<br>উপজেলা সমাজ সেবা কর্মকর্তা সভায় জানান, প্রতিবন্ধী ব্যক্তিদের কোভিড-১৯ এর টিকার আওতায় আনা, যে সকল ভিক্ষুকদের দ্রুত পুনর্বাসন প্রয়োজন তাদের তালিকা প্রস্তুতকরণ এবং বর্তমানে অনগ্রসর জনগোষ্ঠীর ভাতা ও শিক্ষা উপবৃত্তি এবং হিজড়া জনগোষ্ঠীর ভাতা ও শিক্ষা উপবৃত্তি G2P পদ্ধতিতে প্রদানের লক্ষ্যে MIS এ অন্তর্ভূক্ত করার ব্যাপারে পদক্ষেপ নেয়ার জন্য ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের অনুরোধ জানানো হয়। তিনি আরো জানান, প্রতিবন্ধী ভাতাভোগী ও বয়স্ক ভাতাভোগীরা অনায়াসে যাতে সেবা গ্রহণ করতে পারে সেজন্য উপজেলা সমাজসেবা অফিসটি নীচ তলায় হস্তান্তর করা অত্যন্ত জরুরী। ইতোপূর্বে এব্যাপারে ব্যবস্থা গ্রহণের জন্য যথাযথ কর্তৃপক্ষ বরাবরে পত্র প্রেরণ করা হয়েছিল। এ ব্যাপারে সকলের সহযোগিতা কামনা করেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয় এবং সমাজ সেবা অফিসটি নীচে হস্তান্তরের বিষয়ে বাসা-বাড়ি বরাদ্দ কমিটির সদস্য সচিব হিসেবে উপজেলা প্রকৌশলীকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপজেলা প্রকৌশলী, কক্সবাজার সদর<br>২। উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, কক্সবাজার সদর |

চলমান পাতা-০৪

<table>
<tr><th>ক্র: নং</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td>০৮.</td><td><u>জনস্বাস্থ্য প্রকৌশল অফিস :</u><br>উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর সভায় জানান, সমগ্র দেশের গ্রামীণ পানি সরবরাহ প্রকল্পে (২০২১-২০২২ অর্থ বৎসর) ১৩০টি নলকূপের বরাদ্দ পাওয়া যায়। সদর উপজেলায় বিভিন্ন ইউনিয়নে ও গ্রোথ সেন্টার গুলোতে মিনি পাইপ লাইনের মধ্যমে সুপেয় পানি সরবরাহ লক্ষে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের জন্য তিনি ইউপি চেয়ারম্যানদের দৃষ্টি আকর্ষণ করেন। রোহিঙ্গা সংকট মোকাবিলায় মাল্টি সেক্টর প্রকল্প হতে গ্রামীন পাইপড ওয়াটার সাপ্লাই স্কীম, মিনি পাইপ লাইনের মাধ্যমে পানি সরবরাহের জন্য উক্ত প্রকল্পের পরিচালক মহোদয়ের মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তর কে অবহিত করা হয়েছে। সমগ্র দেশের গ্রামীণ পানি সরবরাহ প্রকল্পে (২০২০-২০২১ অর্থ বৎসর) মোট নলকূপ বরাদ্দ-২৬০টি। তন্মধ্যে গভীর নলকূপ-১৮২টি, সাবমার্সিবল গভীর নলকূপ-৫২টি, অগভীর নলকূপ-২৬টি। বিভিন্ন ইউনিয়নে ২৬০টি গভীর নলকূপ স্থাপন কাজ সম্পন্ন হয়েছে। বাকী কাজ চলমান আছে। অগ্রধিকার মূলক গ্রামীণ পানি সরবরাহ প্রকল্প অর্থ বৎসর মোট নলকূপ বরাদ্দ-৫০টি। বিভিন্ন ইউনিয়নে ৫০টি গভীর নলকূপ স্থাপন কাজ সম্পন্ন হয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।</td><td>কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।</td><td>উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কক্সবাজার সদর</td></tr>
<tr><td>০৯.</td><td><u>পজীক, বিআরডিবি অফিস :</u><br>উপজেলা প্রকল্প কর্মকর্তা (পজীক) সভায় নিম্নোক্তভাবে তাঁর দপ্তরের কার্যক্রম উপস্থাপন করেন।<br>১। সাংগঠনিক কার্যক্রম :
<table>
<tr><th colspan="3">সমিতি গঠন</th><th colspan="3">সদস্য ভর্তি</th></tr>
<tr><th>লক্ষ্যমাত্রা</th><th>অর্জন</th><th>ক্রমপুঞ্জিত</th><th>লক্ষ্যমাত্রা</th><th>অর্জন</th><th>ক্রমপুঞ্জিত</th></tr>
<tr><td>-</td><td>-</td><td>১০৬</td><td>১০জন</td><td>-</td><td>৩৫৩৩</td></tr>
</table>
২। পুঁজি গঠন(লক্ষ টাকায়)
<table>
<tr><th colspan="3">শেয়ার</th><th colspan="3">সঞ্চয়</th></tr>
<tr><th>লক্ষ্যমাত্রা</th><th>অর্জন</th><th>ক্রমপুঞ্জিত</th><th>লক্ষ্যমাত্রা</th><th>অর্জন</th><th>ক্রমপুঞ্জিত</th></tr>
<tr><td>০.৫০</td><td>-</td><td>৫.৫১</td><td>২.৫০</td><td>০.৫৫</td><td>২৯.০৫</td></tr>
</table>
৩। ঋণ বিতরণ ও আদায়(লক্ষ টাকায়) :
<table>
<tr><th colspan="3">বছরে বিতরণ</th><th colspan="3">বছরে আদায়</th><th rowspan="2">ক্রমপুঞ্জিত আদায়ের হার</th></tr>
<tr><th>লক্ষ্যমাত্রা</th><th>অর্জন</th><th>ক্রমপুঞ্জিত</th><th>লক্ষ্যমাত্রা</th><th>অর্জন</th><th>ক্রমপুঞ্জিত</th></tr>
<tr><td>১৫৯.১১</td><td>-</td><td>১১৯২.৩৬</td><td>১২৩.০৮</td><td>৬.৮৪</td><td>১০৭২.৪৮</td><td>৯১%</td></tr>
</table></td><td>কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।</td><td>উপজেলা প্রকল্প কর্মকর্তা (পজীক), কক্সবাজার সদর</td></tr>
<tr><td>১০.</td><td><u>উপজেলা যুব উন্নয়ন অফিস :</u><br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, সকল কাজ স্বাভাবিক নিয়মে চলছে। ভ্রাম্যমান প্রশিক্ষন প্রদান চলমান আছে। চলতি ডিসেম্বর/২০২১ ইং মাসে ০৬ জন বেকার যুব ও যুব মহিলাদের বিভিন্ন প্রকল্পের আওতায় ৩,৮৫,০০০/- (তিন লক্ষ পঁচাশি হাজার) টাকা ঋণ প্রদান করা হয়। যুব ঋণ তহবিল : ৪০,৫৩,৮০০/-, যুব ঋণ বিতরন : ২,৪৪,২৫০০০/-, ক্রমপুঞ্জিত আদায়যোগ্য : ২,০০,৯৮,৮৭৫/-আদায়কৃত : ১,৮১,৩০,৯৯৬/-, ক্রমপুঞ্জিত ঋণ আদায়ের হার : ৯২%, চলতি ঋন আদায়ের হার : ৯৭%, ঋণ গ্রহীতার সংখ্যা : ৬৯৮ জন, প্রশিক্ষণ গ্রহনকারীর সংখ্যা : ৫২৬১ জন, আত্মকর্মীর সংখ্যা : ৩৫০০ জন, নিবন্ধনকৃত যুব সংগঠনের সংখ্যা : ২২ টি।</td><td>কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।</td><td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা কক্সবাজার সদর</td></tr>
<tr><td>১১.</td><td>উপজেলা নির্বাহী অফিসার সভায় বলেন কক্সবাজার জেলার সদর উপজেলা হিসেবে উপজেলা পরিষদ কমপ্লেক্সে কোন অফিসার্স ক্লাব নেই। ফলে সারাদিন কর্মব্যস্ত থাকার পর অফিস সময় শেষে কক্সবাজার সদর উপজেলায় কর্মরত কর্মকর্তাদের গল্পগুজব/বিনোদনের কোন স্থান না থাকায় সময় অতিবাহিত করা খুবই কষ্টসাধ্য হয়ে পড়ায় অফিসার্স ক্লাব নির্মাণের জন্য উপজেলা প্রকৌশলীর মাধ্যমে প্রাক্কলন প্রস্তুতপূর্বক বিগত ২৭তম সভায় স্থানীয় সরকার বিভাগে প্রেরণের নিমিত্ত সিদ্ধান্ত গ্রহণের জন্য উপস্থাপন করা হয়। কিন্তু প্রাক্কলনে প্রাক্কলিত ব্যয় বেশি হওয়ায় তা আবার সংশোধন করে ১৪,৯৯,৯৩৪/- (চৌদ্দ লক্ষ নিরানব্বই হাজার নয়শত চৌত্রিশ) টাকার একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রাক্কলনটি অনুমোদনপূর্বক ব্যয়কৃত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের প্রশাসনিক অনুমোদন প্রদানের জন্য সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগে প্রেরণের জন্য সভায় উপস্থাপন করেন।</td><td>সভায় সর্বসম্মতিক্রমে কক্সবাজার সদর উপজেলা অফিসার্স ক্লাব নির্মাণের জন্য ১৪,৯৯,৯৩৪/- (চৌদ্দ লক্ষ নিরানব্বই হাজার নয়শত চৌত্রিশ) টাকা টাকার প্রস্তুতকৃত প্রাক্কলন অনুমোদনপূর্বক উক্ত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের প্রশাসনিক অনুমোদন প্রদানের জন্য স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় বরাবরে প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়</td><td>১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কক্সবাজার সদর<br><br>২। উপজেলা নির্বাহী অফিসার, কক্সবাজার সদর<br>৩। উপজেলা প্রকৌশলী, কক্সবাজার সদর</td></tr>
</table>

চলমান পাতা-০৫

| নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | সভাপতি সভায় দুইজন ভাইস চেয়ারম্যানের অফিস রুম সংস্কার ও আধুনিকরন করার জন্য প্রস্তাব করেন। | সভায় বিস্তারিত আলোচনার পর উক্ত প্রকল্পটি বাস্তবায়নের নিমিত্ত প্রাক্কলন প্রস্তুতপূর্বক ব্যয়কৃত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের প্রশাসনিক অনুমোদনের জন্য সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় বরাবরে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কক্সবাজার সদর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, কক্সবাজার সদর<br>৩। উপজেলা প্রকৌশলী, কক্সবাজার সদর |

| ক্র: নং | প্রকল্পের নাম | প্রাক্কলিত টাকার পরিমাণ | বাস্তবায়নের ধরণ |
|---|---|---|---|
| ০১ | দুইজন উপজেলা ভাইস চেয়ারম্যানের অফিস কক্ষ সংস্কার ও আধুনিকীকরণ | ১০০০০০০.০০ | কোটেশন |

<u>প্রধান অতিথির বক্তব্য</u> : জনাব সাইমুম সরওয়ার কমল, মাননীয় জাতীয় সংসদ সদস্য-২৯৬, কক্সবাজার-৩ (সদর-রামু) সভায় স্ব-স্ব দপ্তর প্রধানসহ উপস্থিত সকলকে শুভেচ্ছা জ্ঞাপন করেন। তিনি বলেন জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের যোগ্য উত্তরসূরি জননেত্রী শেখ হাসিনা বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়ার লক্ষ্যে অক্লান্ত পরিশ্রম করে দেশকে উন্নয়নের পথে এগিয়ে নিয়ে যাচ্ছেন। তাই সরকার হতে প্রাপ্ত প্রতিটি উন্নয়নমূলক বরাদ্দ যথাযথভাবে কাজে লাগিয়ে দেশকে উন্নয়নশীল দেশে রূপান্তরিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। তিনি সভায় উপস্থিত সকল দপ্তর প্রধানগণ, সকল ইউপি চেয়ারম্যান এবং অন্যান্য উপস্থিত সকলকে মুজিব শতবর্ষে মাননীয় প্রধানমন্ত্রীর প্রদত্ত গৃহহীনদের ঘর প্রদানসহ সকল দপ্তরে প্রাপ্ত সরকারি বরাদ্দসমূহ সুষ্ঠু ও সঠিকভাবে বন্টন এবং ঘর প্রদানের ক্ষেত্রে প্রকৃত গৃহহীনদের ঘর প্রদানের জন্য সংশ্লিষ্ট সকলের নিকট অনুরোধ জানান।

পরিশেষে সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সকল দপ্তর প্রধান ও ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে বিভিন্ন কার্যক্রম ও পদক্ষেপ গ্রহণের বিষয়ে সভায় প্রস্তাব উপস্থাপনের জন্য ধন্যবাদ জানান এবং সকল দপ্তর প্রধানগণকে যথাসময়ে সভার কার্যপত্র প্রেরণের অনুরোধ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩১.০১.২২

কায়সারুল হক জুয়েল
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
কক্সবাজার সদর, কক্সবাজার

স্মারক নং-০৫.২০.২২২৪.০০০.০০.০০০.২০২২-৮২

তারিখ : ১৭ মাঘ ১৪২৮ বাংলা / ৩১ জানুয়ারি ২০২২ খ্রিষ্টাব্দ

<u>অনুলিপি : সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো :</u>

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। মাননীয় সংসদ সদস্য-২৯৬, কক্সবাজার-৩ (সদর-রামু)
০৩। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম
০৫। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম
০৬। জেলা প্রশাসক, কক্সবাজার
০৭। সিভিল সার্জন, কক্সবাজার
০৮। উপ-পরিচালক, স্থানীয় সরকার, কক্সবাজার
০৯। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), কক্সবাজার
১০। ভাইস চেয়ারম্যান (পুরুষ/মহিলা), উপজেলা পরিষদ, কক্সবাজার সদর, কক্সবাজার
১১। উপজেলা ............................................................ কর্মকর্তা, কক্সবাজার সদর, কক্সবাজার
১২। চেয়ারম্যান ...................................................... ইউনিয়ন পরিষদ (সকল), কক্সবাজার সদর, কক্সবাজার
১৩। সহকারী প্রোগ্রামার, কক্সবাজার সদর, কক্সবাজার (ওয়েব পোর্টালে আপলোডের জন্য)
১৪। অফিস কপি

০১/০২/২২

মিল্টন রায়
উপজেলা নির্বাহী অফিসার
কক্সবাজার সদর, কক্সবাজার
ফোন : ০৩৪১-৬৩৭১৫
ফ্যাক্স : ০৩৪১-৬৪৬৪১
e-mail: unocoxsbazar@mopa.gov.bd

# উপজেলা পরিষদের মাসিক ২৮ তম সভায় উপস্থিতি

সভার তারিখ : ৩১/০১/২০২২ খ্রিষ্টাব্দ, সময় : সকাল-১১.০০ টা

| ক্র: নং | নাম ও পদবী | অফিসের নাম | মোবাইল নাম্বার | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| | সাইমুম সরওয়ার কমল সংসদ সদস্য | | 0172-00000 48 | [signature] ৩১/০১/2022 |
| | কায়সারুল হক জুয়েল উপজেলা চেয়ারম্যান | | | [signature] |
| ৩. | ডা: মো: আলী এহসান উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | উপজেলা স্বাস্থ্য ও প. প. কর্মকর্তার কার্যালয় | 01712943531 | [signature] |
| ৪. | ডা: আতিকুর রহমান সেন, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা | উপজেলা প্রাণিসম্পদ দপ্তর | 01818895672 | [signature] |
| ৫. | মোহাম্মদ মাসুম বিল্লাহ VSEO, SADAR | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | 8181511117 | [signature] 31/1/2022 |
| ৬. | মো: জাহিদ হাসান উপজেলা কৃষি অফিসার | উপজেলা কৃষি অফিস সদর, কক্সবাজার | 01717037315 | [signature] 31/01/22 |
| ৭. | মোহাম্মদ বেলাল হোসাইন উপজেলা শিক্ষা অফিসার (ভা:) | উপজেলা শিক্ষা অফিস, সদর, কক্সবাজার | 01717-331623 | [signature] 31.07.22 |
| ৮. | তারাপদ চৌহান সিনিয়র উপজেলা মৎস্য অফিসার। | SUFO অফিস সদর, কক্সবাজার | 01717-785176 | [signature] 31-01-22 |

# উপজেলা পরিষদের মাসিক ২৮ তম সভায় উপস্থিতি

সভার তারিখ : ৩১/০১/২০২২ খ্রিষ্টাব্দ, সময় : সকাল-১১.০০ টা

| ক্র: নং | নাম ও পদবী | অফিসের নাম | মোবাইল নাম্বার | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ৯. | আনতিয়া ইসলাম হুইন, উপজেলা সমাজসেবা অফিসার | উপজেলা সমাজসেবা কার্যালয় | 01875854848 | [signature] |
| ১০. | রাজিয়াতুল মরজিয়া পরিবার পরিকল্পনা কর্মকর্তা | উপজেলা প.প. অফিসার, সদর, কক্সবাজার | 01812583911 | [signature] |
| ১১ | মোঃ আব্দুল দায়ের ফিল্ড সুপারভাইজার | ইসলামিক ফাউন্ডেশন সদর, কক্সবাজার | 01817-646711 | [signature] |
| ১২ | মোহাম্মদ উল্লাহ | অতিঃ উপজেলা পরিবার কল্যাণ সহকারী | 01818627111 | [signature] |
| ১৩. | মোঃ আব্দুল জব্বার রেঞ্জ কর্মকর্তা | পি.এম খালী রেঞ্জ কক্সবাজার উত্তর বন বিভাগ। | 01718618883 | [signature] |
| ১৪ | মংয় মারমা বিট কর্মকর্তা | জোয়ারিয়ানালা বিট ঝিলংজা রেঞ্জ কক্সবাজার উঃবঃবিভাগ | 01675-441014 | [signature] |
| ১৫ | মোঃ বাচ্চু মিয়া UDF | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প স্থানীয় সরকার বিভাগ | 01755567289 | [signature] |
| ১৬. | মোঃ আতিকুর রহমান UYDO | DYD. | 01815107675 | [signature] 31.01.22 |

## উপজেলা পরিষদের মাসিক ২৮ তম সভায় উপস্থিতি

সভার তারিখ : ৩১/০১/২০২২ খ্রিষ্টাব্দ, সময় : সকাল-১১.০০ টা

| ক্র: নং | নাম ও পদবী | অফিসের নাম | মোবাইল নাম্বার | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| | রফিক উদ্দিন<br>উপজেলা সমবায় অফিসার | উপজেলা সমবায় কার্যালয়<br>সদর, কক্সবাজার | 01716431391 | [signature] |
| | মু: আমানুল হক<br>ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক | পল্লী সঞ্চয় ব্যাংক | 01814 825843 | [signature] |
| | প্রীতিময় ধীমান<br>ইউডিপিও | পল্লী জীবিকায়ন প্রকল্প<br>সদর, কক্সবাজার | 01839576338 | [signature] |
| | দীপক দাশ | [illegible] | 01819660204 | [signature] |
| | মোঃ রহমান আলী<br>হিসাব রক্ষক কাম-ক্যাশিয়ার [illegible] | উপজেলা পরিষদের কার্যালয় মহিলা বিষয়ক অধিদপ্তর<br>কক্সবাজার | 01846816755 | [signature] |
| | রফিক আহমদ | চেয়ারম্যান<br>পোকখালী ইউনিয়ন | 01843266148 | [signature] |
| | [signature] | [illegible] | 01718111610 | [signature] |
| | কামাল উদ্দিন | চেয়ারম্যান<br>ভারুয়াখালী | 01614888 | [signature] |

# উপজেলা পরিষদের মাসিক ২৮ তম সভায় উপস্থিতি

সভার তারিখ : ৩১/০১/২০২২ খ্রিষ্টাব্দ, সময় : সকাল-১১.০০ টা

| ক্র: নং | নাম ও পদবী | অফিসের নাম | মোবাইল নাম্বার | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| | আবুল কালাম<br>চেয়ারম্যান ইসলামপুর | | 01819849836 | |
| | মোঃ শাহজাহান চৌধুরী<br>চেয়ারম্যান খুরুশকুল | | 01818097438 | |
| | মুজিবুর রহমান<br>চেয়ারম্যান<br>চৌফলদন্ডী | | 01814770754 | |
| | মোহাম্মদ আমানুল্লাহ<br>চেয়ারম্যান<br>পি এম খালী | | 01995675180 | |
| | টিপু সুলতান | চেয়ারম্যান<br>ঝিলংজা<br>ইউনিয়ন পরিষদ | 01819330618 | |
| | মোঃ মনিরুজ্জামান<br>UE | LGED | 01708161273 | |
| | হামিদা তাহের | মহিলা ভাইস<br>চেয়ারম্যান | 01724637627 | |
| | মোঃ মাহমুদ হোসেন<br>PIO | PIO<br>উপজেলা প্র. ও ক. কর্মকর্তা | ০১৭১১২৮৭৫২৮ | |